গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

নম্বর- এইচএসপি/সামাজিক নিরাপত্তা কর্মসূচি/২১৩/২০২৪/ ৮৭ তারিখ: ১৮.০৪.২০২৬ খ্রি.

**বিষয়: HSP-MIS সফটওয়্যারে লগইন করার ক্ষেত্রে প্রয়োজনীয় নির্দেশনা।**

০১। **HSP-MIS এ প্রথমবার লগইন / User Activate করার ক্ষেত্রে স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণ করে নতুন পাসওয়ার্ড তৈরী করে নিতে হবে :**

ক) HSP-MIS এর URL : https://hsp.pmeat.gov.bd/login এ প্রবেশ করুন;

খ) Forgot Password / ''পাসওয়ার্ড ভুলে গেছেন'' অপশনে ক্লিক করুন;

গ) স্ক্রিনে প্রদর্শিত ঘরে EIIN নম্বর / Username লিখুন;

ঘ) OTP Send / ''ওটিপি পাঠান'' বাটনে ক্লিক করুন। ক্লিক করলে ইউজার এর মোবাইল/ প্রতিষ্ঠান প্রধানের যে মোবাইল নম্বরটি HSP-MIS সফটওয়্যারে বিদ্যমান রয়েছে সে নম্বরে স্বয়ংক্রিয়ভাবে একটি OTP যাবে;

ঙ) User এর মোবাইলে স্বয়ংক্রিয়ভাবে প্রাপ্ত OTP টি স্ক্রিনে প্রদর্শিত OTP বাক্সে লিখুন এবং স্ক্রিনে প্রদর্শিত নির্দেশনা মোতাবেক একটি পাসওয়ার্ড তৈরী করে নতুন পাসওয়ার্ড/New Password এবং নিশ্চিত পাসওয়ার্ড/Confirm Password এর ঘরে লিখে "পাসওয়ার্ড রিসেট করুন" / Reset Password বাটনে ক্লিক করুন;

চ) স্ক্রিনে প্রদর্শিত ''User Own Password Updated'' মেসেজের Ok বাটনে ক্লিক করুন;

ছ) স্ক্রিনে প্রদর্শিত পেজ এর নির্ধারিত স্থানে EIIN নম্বর / Username, Password এবং Captcha লিখে "লগইন করুন"/Login বাটনে ক্লিক করুন;

জ) পুনরায় User এর মোবাইলে স্বয়ংক্রিয়ভাবে প্রাপ্ত OTP টি নির্ধারিত স্থানে লিখে Verify OTP / "ওটিপি যাচাই করুন" বাটনে ক্লিক করুন। OTP যাচাই করুন বাটনে ক্লিক করলে HSP-MIS সফটওয়্যারের ড্যাশবোর্ড প্রদর্শিত হবে ;

ঝ) ইউজার বলতে শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসের ক্ষেত্রে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারকে বোঝাবে ।

০২। **পরবর্তীতে পাসওয়ার্ড ভুলে গেলে অথবা পাসওয়ার্ড এর মেয়াদ শেষ হয়ে গেলে অথবা আইডি লক হয়ে গেলে করণীয় :**

ক) **পাসওয়ার্ড ভুলে গেলে অথবা পাসওয়ার্ড এর মেয়াদ শেষ হয়ে গেছে মর্মে লগইন পেইজে মেসেজ প্রদর্শিত হলে :** HSP-MIS সফটওয়্যারের লগইন পেইজে "পাসওয়ার্ড ভুলে গেছেন" / Forget Passward বাটনে ক্লিক করে **অনুচ্ছেদ-০১ এর (গ) থেকে (জ) পর্যন্ত নির্দেশনা অনুসরণপূর্বক একটি নতুন পাসওয়ার্ড তৈরি করে নিন এবং তৈরি করা নতুন পাসওয়ার্ডটি ব্যবহার করে HSP-MIS সফটওয়্যারের লগইন করুন।**

খ) **ইউজার স্বয়ংক্রিয় ভাবে 'লক' হয়ে গেলে :** HSP-MIS সফটওয়্যারে ৫ (পাঁচ) বারের বেশি ভুল পার্সওয়াড দিয়ে লইগন করার চেষ্টা করলে উক্ত ইউজার **স্বয়ংক্রিয় ভাবে 'লক' হয়ে যাবে।** লককৃত ইউজার সর্বনিম্ন ১ (এক) ঘন্টা সময়ের মধ্যে আর লগইন করতে পারবেন না। সর্বনিম্ন ১ (এক) ঘন্টা সময় অতিবাহিত হওয়ার পর পুনরায় সঠিক পাসওয়ার্ড দিয়ে লগইন করতে পারবে। তবে, দীর্ঘ সময় পরেও লগইন করতে না পারলে **অনুচ্ছেদ-০১ এর (খ) থেকে (জ) পর্যন্ত নির্দেশনা অনুসরণপূর্বক** একটি **নতুন পাসওয়ার্ড তৈরি করে নিন** এবং তৈরি করা নতুন পাসওয়ার্ডটি ব্যবহার করে HSP-MIS সফটওয়্যারের লগইন করুন।

০৩। **ইউজার আইডি স্বয়ংক্রিয় ভাবে "নিস্ক্রিয়" হয়ে গেলে :** HSP-MIS সফটওয়্যারে লগইন করার সময় সংশ্লিষ্ট ইউজারের মোবাইল নম্বরে প্রেরিত OTP নম্বর ৫ (পাঁচ) বারের বেশি ভুল প্রদান করে লগইন করার চেষ্টা করলে উক্ত ইউজার HSP-MIS সফটওয়্যারে **স্বয়ংক্রিয় ভাবে নিস্ক্রিয় হয়ে যাবে।** এ ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রতিষ্ঠানের EIIN নম্বর এবং নিস্ক্রিয় হওয়ার কারণ উল্লেখপূর্বক উপজেলা /থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে সুপারিশসহ স্কিম পরিচালক, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি বরাবার নিম্নোক্ত তথ্যাদি উল্লেখ করে সক্রিয় করার জন্য আবেদন প্রেরণ করবেন। HSP কর্তৃক সক্রিয় করে দেয়া হলে সংশ্লিষ্ট ইউজার পুনরায় লগইন করতে পারবে।

| প্রতিষ্ঠানের নাম ও EIIN নম্বর | প্রতিষ্ঠান প্রধানের নাম | প্রতিষ্ঠান প্রধানের NID নম্বর | প্রতিষ্ঠান প্রধানের জন্ম তারিখ | প্রতিষ্ঠান প্রধানের ই-মেইল | প্রতিষ্ঠান প্রধানের রেজিস্টার্ড মোবাইল নম্বর |
|---|---|---|---|---|---|
| | | | | | |

০৪। **HSP-MIS সফটওয়্যারে ইউজার এর এনআইডি ও মোবাইল নম্বর পরিবর্তনের ক্ষেত্রে :** ইউজার বলতে শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং উপজেলা / থানা মাধ্যমিক শিক্ষা অফিসের ক্ষেত্রে উপজেলা / থানা মাধ্যমিক শিক্ষা অফিসার কে বোঝাবে। কোন কারণে HSP-MIS সফটওয়্যারে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান অথবা উপজেলা / থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের NID এবং রেজিস্টার্ড মোবাইল নম্বর পরিবর্তন বা আপডেট এর প্রয়োজন হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের ক্ষেত্রে উপজেলা / থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে এবং উপজেলা / থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের ক্ষেত্রে জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে সুপারিশসহ স্কিম পরিচালক, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি বরাবর আবেদন (NID এর ফটোকপিসহ) প্রেরণ করবেন। আবেদনে নিম্নোক্ত তথ্যাদি উল্লেখ থাকতে হবে:

| প্রতিষ্ঠানের নাম ও EIIN নম্বর | প্রতিষ্ঠান প্রধানের নাম | প্রতিষ্ঠান প্রধানের NID নম্বর | প্রতিষ্ঠান প্রধানের জন্ম তারিখ | প্রতিষ্ঠান প্রধানের ই-মেইল | প্রতিষ্ঠান প্রধানের রেজিস্টার্ড মোবাইল নম্বর |
|---|---|---|---|---|---|
| | | | | | |

০৫। অনুচ্ছেদ ০৩ ও ০৪ এ বর্ণিত অবস্থায় শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের আবেদন উপজেলা / থানা মাধ্যমিক শিক্ষা অফিসার সুপারিশসহ এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের আবেদন সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারের সুপারিশসহ সমন্বিত উপবৃত্তি কর্মসূচির mis.hsp@pmeat.gov.bd ই-মেইলে প্রেরণ করতে হবে।

০৬। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার তাঁর আওতাধীন স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে আবশ্যিকভাবে বিষয়টি অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৮/০৪/২৫

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৫০০২০৭৩

**উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা**
সকল উপজেলা/থানা।

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

০২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

০৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

০৫। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS, অর্থ বিভাগ (পত্রের আলোকে HSP-MIS এ যথাযথ পদক্ষেপ গ্রহণ এবং এন্ট্রি চলাকালীন সময়ে HSP-MIS পর্যবেক্ষণের অনুরোধসহ)।

০৬। সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৭। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৮। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা (দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)।

০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।

১০। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।

১১। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (স্কিমভুক্ত উচ্চ মাধ্যমিক ও সমমান পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান)।

১২। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৩। প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (পিএমইএটি-এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৪। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা শিক্ষা অফিসারের কার্যালয়

নাটোর

স্মারক নং-জেশিঅ/ নাট/২০২৬/ ১৮৭৮

তারিখ: ২৮.০৪.২০২৬খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল)। পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮.৪.২০২৬

০১। জেলা প্রশাসক, নাটোর।

০২। সংরক্ষণ নথি।

(মোঃ রোস্তম আলী হেলালী)
জেলা শিক্ষা অফিসার
নাটোর।
০২৫৮৮৮৭৩৭১৮